০৯। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে জেষ্ঠ্যতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিস'র প্রয়োজন অনুযায়ী জেষ্ঠ্যতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিতকরণের তারিখ হতে গননা করতে হবে।

১০। পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

১১। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ বগুড়া সদর, নন্দীগ্রাম, কাহালু, দুপচাঁচিয়া,আদমদিঘী ও শিবগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

১২। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা এবং বাপবিবোর্ড/পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন-ভাতাদি প্রদান করা হবে।

১৩। বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর এলাকা পরিচালক/ মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর বা তাদের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১৪। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। নির্বাচিত পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৭। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে নিস্পত্তির ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মনির উদ্দিন মজুমদার
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .....পবিস-১/২/৩/৪ | বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ।
০৫। ডিজিএম,কারিগরি সদর দপ্তর/ মোকামতলা/ দুপচাঁচিয়া/কাহালু/নন্দীগ্রাম জোনাল অফিস, বপবিস-১।
০৬। এজিএম (ওএন্ডএম/ ইএন্ডসি/সঃ সেবা/অর্থ-হিসাব/ অর্থ-রাজস্ব), বপবিস-১।
০৭। অফিস কপি/ মাস্টার কপি।

(মোঃ মনির উদ্দিন মজুমদার
জেনারেল ম্যানেজার

শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১
Bogra Palli Bidyut Samity-1
ছিলিমপুর, বগুড়া

মুজিব শতবর্ষ MUJIB 100

সদর দপ্তর-প্রশাসন বিভাগ E-mail : bograpbs1@gmail.comWeb: pbs1.bogra.gov.bd টেলিফোন-০৫১-৬২২৪৩ (অফিস)

স্মারক নং-২৭.১২.১০২০.৫২৫.০২.০০৮.২১- ২৪৭

২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ- ১১ জানুয়ারী ২০২১ খ্রিষ্টাব্দ

" আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ নিম্নবর্ণিত শূণ্য পদ পুরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী লাইন টেকনিশিয়ান পদে পদোন্নতির লক্ষ্যে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	লাইন টেকনিশিয়ান	(ক) এসএসসি বা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পরীক্ষায় উত্তীর্ণসহ লাইনম্যান গ্রেড-১ হিসাবে নিয়মিত করণের তারিখ থেকে কমপক্ষে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণ সমূহে উত্তীর্ণ হতে হবে। (ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষনাবেক্ষণ জ্ঞান থাকতে হবে। (ঙ) বগুড়া পবিস-১ এর "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত- ২০১২)" ও পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এর বিধি বিধান প্রতিপালন করা হবে। (চ) প্রার্থীকে অবশ্যেই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে। (ছ) অধিনস্থ লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। (জ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা কাম্য। ঝ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের নূন্যতম রেটিং - ৩.৫০ থাকতে হবে।

শর্তাবলীঃ

০১। আগ্রহী প্রার্থীগণকে লাইন টেকনিশিয়ান পদের বিপরীতে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করণের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদনপত্রসহ আগামী ২০/০১/২০২১ খ্রিঃ তারিখ, রোজ বুধবার, সকাল ১০.০০ ঘটিকায় বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, ছিলিমপুর, বগুড়া-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজ পত্রাদি/দলিলাদি সংশ্লিষ্ট এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

০৩। সাম্প্রতিক তোলা ০২কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি।

০৪। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

০৫। পবিস নির্দেশিকা ৩০০-০৮ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত ফটোকপি।

০৬। চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের সত্যায়িত অনুলিপি।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" পদে নিয়োগ দেয়া হবে। "চলতি দায়িত্ব" চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে (যদি থাকে) উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৮। আবেদন পত্রের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে লঘুদন্ড; ০৩(তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০৫(পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড এবং ০৪(চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়নি, বিগত ০৩(তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি, পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়নি এবং বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে প্রত্যয়নপত্র বিনা আপত্তির সনদপত্রসহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ পত্র সংযুক্ত করতে হবে।